

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী।  
[www.dss.rajbari.gov.bd](http://www.dss.rajbari.gov.bd)

**সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত জেলা কমিটি জুম ক্লাউডে সভার কার্যবিবরণীঃ**

সভাপতি	:	দিলসাদ বেগম জেলা প্রশাসক, রাজবাড়ী
সভার তারিখ	:	২৭/০৪/২০২১ খ্রি:
সভার সময়	:	সকাল : ১১:০০ ঘটিকা
সভার স্থান	:	জুম ক্লাউডে

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা নথিতে সংরক্ষিত)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আলোচনা শুরু করার জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী ও সদস্য-সচিব সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত জেলা কমিটিকে অনুরোধ জানানো হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী বিষয় সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/ তদারকি কর্মকর্তা
১.	<u>নভেম্বর/২০ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণঃ</u> সভায় নভেম্বর/২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।	কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।	দপ্তর প্রধান (সকল)
২.	<u>দুর্যোগকালীন সময়ে জরুরী ভিত্তিতে সামাজিক নিরাপত্তা বেটনীর সুবিধা পৌঁছে দেওয়া :</u> সুবিধাভোগীদের মধ্যে বর্তমান দুর্যোগকালীন সময়ে জরুরী ভিত্তিতে সামাজিক নিরাপত্তা সুবিধাসমূহ পৌঁছে দেওয়ার বিষয়ে আলোচনা হয়।	সংশ্লিষ্ট সুবিধাভোগীদের মাঝে সেবা জরুরী ভিত্তিতে পৌঁছানোর ব্যবস্থা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ
৩.	<u>জিটুপি পদ্ধতিতে মোবাইল ফিন্যান্সিং সিস্টেম এর মাধ্যমে বিতরণকৃত অর্থের নিরাপত্তাঃ</u> সামাজিক নিরাপত্তা কর্মসূচির জিটুপি পদ্ধতিতে মোবাইল ফিন্যান্সিং সিস্টেম এর মাধ্যমে সুবিধাভোগীদের মধ্যে বিতরণকৃত অর্থের নিরাপত্তা বিষয়ে আলোচনা হয়। সভায় বিভিন্ন প্রত্যাক চক্রের বিভিন্ন কৌশলে সমাজের অসহায়, দুস্থঃ,সহজ,সরল সুবিধাভোগীদের প্রত্যারণা করে অর্থ হাতিয়ে নেওয়ার বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয়।	সিদ্ধান্তঃ জিটুপি পদ্ধতিতে মোবাইল ফিন্যান্সিং সিস্টেমে সামাজিক নিরাপত্তা কর্মসূচির অর্থ বিতরণের ক্ষেত্রে ভাতাভোগীর ফিচার প্রিন্ট বা ফেইস রিকগনিশনের বিষয়টি বাধ্যতামূলক করার বিষয়ে যথাযথ কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা প্রশাসক, রাজবাড়ী ও উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয় রাজবাড়ী।

১৩

8.	<p>বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন: সভায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা হয়। সদস্য সচিব জানান কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রেরণের জন্য ইতিপূর্বে সংশ্লিষ্ট দপ্তরসমূহ কে অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে অধ্যাবধি যুব উন্নয়ন অধিদফতর, জেলা মহিলা বিষয়ক অধিদফতর, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার ফাইল, জেলা মৎস্য কর্মকর্তার ফাইল, জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ও জেলা সমবায় কার্যালয়, রাজবাড়ী হতে মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন পাওয়া গিয়াছে। যে সকল দপ্তর হতে প্রতিবেদনে পাওয়া যায়নি। সভায় সে সকল দপ্তরকে নিয়মিত প্রতিবেদন প্রেরণের অনুরোধ জানানো হয়।</p>	<p>সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নকারী সকল দপ্তরকে প্রতি মাসের মাসিক বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী বরাবরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ</p>
----	---	---	---

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(দিলসাদ বেগম)

জেলা প্রশাসক

রাজবাড়ী।

ফোন : ০৬৪১-৬৫৪০৫

ফোন : ০১৭৩৩৩৩৬৪০০

E-mail: dcrajbari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা সমাজসেবা কার্যালয়

রাজবাড়ী

[www.dss.rajbari.gov.bd](http://www.dss.rajbari.gov.bd)

স্মারকনং-৪১.০১.৮২০০.০০০.১২.০০১.১৯.৩৭৭

তারিখ- ২৬/০৫/২০২১খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। বিভাগীয় কমিশনার  
ঢাকা বিভাগ, ঢাকা।

০২। -----, সদস্য।



উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়

রাজবাড়ী।